# বিদেশি পর্যটক আগমনের সংখ্যা বাড়ল ৯.৩ শতাংশ

**নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর :** পর্যটন মন্ত্রকের হিসেবমতো এ বছর নভেম্বর মাসে গত বছরের একই সময়ের তুলনায় বিদেশি পর্যটক আগমনের হার ৯.৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র থেকে সব থেকে বেশি সংখ্যক পর্যটক ভারতে এসেছে। এরপর রয়েছে যুক্তরাজ্য এবং বাংলাদেশ। এ বছর নভেম্বর মাসে পর্যটন বাবদ আয় হয়েছে ১৪,৭৪৪ কোটি টাকা।

প্রসঙ্গত, এ বছর নভেম্বর মাসে ৮.৯১ লক্ষ বিদেশি পর্যটক ভারতে এসেছে। গত বছর একই সময়ে এই সংখ্যা ছিল ৮.১৬ লক্ষ। এরও আগের বছর, অর্থাৎ ২০১৪-তে এই সংখ্যা ছিল ৭.৬৫ লক্ষ। এ বছর নভেম্বর মাসে গত বছরের একই সময়ের তুলনায় ৯.৩ শতাংশ বেশি পর্যটক ভারতে এসেছে।

উল্লেখ করা যেতে পারে যে এ বছর জানুয়ারি থেকে নভেম্বর মাসের মধ্যে ৭৮.৫৩ লক্ষ বিদেশি পর্যটক ভারতে এসেছে। উল্লিখিত সময়ে বিদেশি পর্যটক আগমনে বৃদ্ধির হার ১০.৪ শতাংশ। ২০১৫-র একই সময়ে ৭১.১৪ লক্ষ বিদেশি পর্যটক ভারতে আসে।

এ বছর যে ১৫টি দেশ বিদেশি পর্যটক আগমনের ক্ষেত্রে শীর্ষে রয়েছে তার মধ্যে সর্বাগ্রে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র, এরপর যথাক্রমে রয়েছে যুক্তরাজ্য (দ্বিতীয়), বাংলাদেশ (বিদেশি পর্যটক আগমনের হার ১০.৭২ শতাংশ), কানাডা (৪.৬৬ শতাংশ), রাশিয়া (৪.৫৩ শতাংশ), চিন (৩.১৪ শতাংশ), ফান্স (২.৮৮ শতাংশ), শ্রীলঙ্কা (২.৪৯ শতাংশ), জাপান (২.৪৯ শতাংশ), সিঙ্গাপুর (২.১৬ শতাংশ০, নেপাল (১.৪৬ শতাংশ), এবং থাইল্যান্ড (১.৩৭ শতাংশ)।

দেশের যে ১৫টি বিমানবন্দর বিদেশি পর্যটক আগমনের ক্ষেত্রে শীর্ষে রয়েছে তার মধ্যে সর্বাগ্রে রয়েছে দিল্লি বিমানবন্দর (৩২.৭১ শতাংশ), চেন্নাই (৬.৮৩ শতাংশ), বেঙ্গালুরু (৫.৮৯ শতাংশ), হরিদাসপুর (৫.৮৭ শতাংশ), হায়দরাবাদ (৩.১৪ শতাংশ), আমেদাবাদ (২.৭৬ শতাংশ), ত্রিবান্দ্রম (১.৫৪ শতাংশ), ত্রিচি (১.৫৩ শতাংশ), গেদে (১.১৬ শতাংশ), অমৃতসর (১.১৫ শতাংশ) এবং ঘোজাডাঙ্গা (০.৮২ শতাংশ)।

উল্লেখ্য, এ বছর নভেম্বর মাসে বিদেশি পর্যটক আগমন বাবদ দেশের আয় হয়েছে ১৪,৪৭৪ কোটি টাকার বিদেশি মুদ্রা। গত বছর একই সময়ে এ বাবদ ১২,৬৪৯ কোটি টাকার বিদেশি মুদ্রা আয় হয়। ২০১৪-তে আয় হয় ১১,৪৩১ কোটি টাকা।

# পতঞ্জলিকে টক্কর দিতে সস্তায় ভেষজ-প্রাকৃতিক পণ্য বাজারে আনছে হিন্দুস্তান ইউনিলিভার

**নয়া দিল্লি, ৩১ ডিসেম্বর :** দেশের ভোগ্যপণ্যের বাজারে বহুজাতিক কর্পোরেট সংস্থাগুলিকে কড়া প্রতিযোগিতার মুখে ফেলে দিয়েছে যোগগুরু রামদেবের পতঞ্জলি আয়ুর্বেদ। অপেক্ষাকৃত কম দামে নতুন নতুন পণ্য এনে বাজারে ব্যাপক সাড়া ফেলেছে পতঞ্জলি। এই অবস্থায় নতুন এই প্রতিযোগীকে চ্যালেঞ্জ জানাতে উঠে পড়ে লেগেছে একাধিক কোম্পানি।

দেশের বৃহত্তম ফাস্ট মুভিং কনজিউমার গুড্স কোম্পানি হিন্দুস্তান ইউনিলিভার কড়া টক্কর ছুঁড়ে দেওয়ার পরিকল্পনা করেছে। শ্যাম্পু থেকে শুরু করে বিভিন্ন ধরনের পার্সোনাল কেয়ার ব্রান্ড রয়েছে এইচইউএলের হাতে। এবার ভেষজ পণ্য বাজারে এনে রামদেবের পতঞ্জলির সঙ্গে সরাসরি লড়াইয়ে নামতে চলেছে কোম্পানি।

ভারতের মতো দেশগুলিতে ভেষজ-প্রাকৃতিক পণ্যের চাহিদা ক্রমশ বাড়ছে। এক্ষেত্রে সবচেয়ে এগিয়ে পতঞ্জলি। এই বাজার দখলে এবার লিভার আয়ুষের পুনর্জীবন ঘটাচ্ছে ইউনিলিভার। এর আওতায় ৩০ থেকে ১৩০ টাকা মূল্যের একাধিক পার্সোনাল কেয়ার পণ্য বাজারে আসতে চলেছে। অপেক্ষাকৃত কম দামের এই পণ্য সম্ভার সরাসরি পতঞ্জলি পণ্যের সঙ্গে লড়াইয়ে নামবে।

ফেস প্যাক, ফেস ওয়াশ, শীতের ক্রিম থেকে সেভিং -জেল, বডি লোশন, লিপ বামের মতো বিভিন্ন পণ্য রয়েছে পতঞ্জলির হাতে। রামদেবের বক্তব্য, পতঞ্জলি পণ্যের যোগান বাজারের চাহিদা মেটাতে পারছেনা, তাই দেশের বিভিন্ন স্থানে তারা পণ্য উৎপাদনকেন্দ্র গড়ে তুলছে। প্রসঙ্গত, চলতি বছরের এপ্রিলে রামদেব দাবি করেছিলেন, ২০১৫-১৬-তে পতঞ্জলির বিক্রির পরিমাণ ৫০০০ কোটি টাকা ছুঁয়েছে।

ইউনিলিভার তাদের আয়ুর্বেদিক ব্রান্ড লিভার আয়ুষের পনরুজ্জীবন ঘটানোর পরিকল্পনা বেশ কয়েক মাস আগেই নিয়েছে বলে জানা গেছে। ২০০১ -এ এই ব্রান্ড চালু করেছিল ইউনিলিভার। কিন্তু গত দশকে তা বাজারে একেবারেই সাড়া ফেলেনি। কিন্তু পতঞ্জলির পণ্যের সাফল্য ও বাজারে ভেষজ- প্রাকৃতিক পণ্যের চাহিদা বাড়ার সঙ্গে সঙ্গে পরিস্থিতি গত কয়েক বছরে আমূল বদলে গিয়েছে। একটি সমীক্ষা অনুসারে এই পণ্যের চাহিদা ২০১৬-এর ৪৩,৫০০ কোটি টাকা থেকে বেড়ে ২০২০-তে হবে ৫১,৭০০ কোটি টাকা। এই চাহিদার কথা মথায় রেখে বিভিন্ন কোম্পানি ভেষজ পণ্যের বাজার ধরার উদ্যোগ নিয়েছে। সেই উদ্যোগে শামিল হচ্ছে হিন্দুস্তান ইউনিলিভার।

# মেট্রো প্রকল্পের কাজ দ্রুত রূপায়ণে রেল ভবনে উচ্চ পর্যায়ের বৈঠক

**কলকাতা, ৩১ ডিসেম্বর :** কলকাতায় একাধিক মেট্রো রেল প্রকল্পের কাজ দ্রুত শেষ করতে ৩০ ডিসেম্বর মেট্রো রেল ভবনে এক উচ্চ পর্যয়ের বৈঠক আয়োজিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন কলকাতা পুরসভার মেয়র শোভন চট্টোপাধ্যায়, মেট্রো রেলের জেনারেল ম্যানেজার এমসি চৌহান, কলকাতা পুরসভার কমিশনার খলিল আহমেদ, কলকাতা পুলিশের অ্যাডিশনাল কমিশনার ভিনীত গোয়েল সহ মেট্রো রেল, কলকাতা পুলিশ ও রাজ্যের পরিবহন দফতরের শীর্ষ আধিকারিকরা।

ইস্ট-ওয়েস্ট মেট্রো করিডোর ও অন্যান্য মেট্রো প্রকল্পগুলির বাস্তবায়নে অন্যতম বাধা হিসাবে জমি দখলদারিদের উচ্ছেদ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করাই ছিল বৈঠকের মুখ্য আলোচিত বিষয়। সাধারণ মানুষের সুবিধায় মেট্রো প্রকল্পের কাজ জেট গতিতে সম্পন্ন করতে মেট্রো রেল কর্তৃপক্ষকে সমস্ত রকমের সহযোগিতার আশ্বাস প্রদান করেন কলকাতা পুরসভার মেয়র শোভন চট্টোপাধ্যায়।

## আইএসপি-র কোক ওভেন আগের সমস্ত রেকর্ড ছাপিয়ে গেল

**বার্নপুর, ৩১ ডিসেম্বর :** বার্নপুরের আইআইএসসিও স্টিল প্ল্যান্টের কোক ওভেন ব্যাটারি নং ১০ তাদের নিজেদের আগের সমস্ত রেকর্ড ছাপিয়ে গেল। দু'দিন আগে ১০১ রেকর্ডে পৌঁছায়। সেই রেকর্ড ছাপিয়ে চলতি বছরের ডিসেম্বরেই ১০২ ওভেন তৈরির রেকর্ড গড়ে। ২৭ ডিসেম্বরের পূর্বে ১.৩ গুণাঙ্কের মতো অসামান্য রেকর্ড ছোঁয়। ধারাবাহিকভাবে মাত্র তিন দিনের মধ্যে প্রতিদিন ১০০ ওভেন তৈরি করে।

২০১৪ সালে সর্বোচ্চ ৯৮টি ওভেন তৈরির রেকর্ড গড়ে।

# ডিভিশনাল কমিটির সংসদ সদস্যদের নিয়ে দক্ষিণ-পূর্ব রেলের বৈঠক

**স্টাফ রিপোর্টার:** ভারতীয় রেলের খড়গপুর ও আদ্রা ডিভিশন থেকে লোকসভা ও রাজ্যসভার বর্তমান সদস্যদের নিয়ে ডিভিশনাল কমিটির এক বৈঠক গতকাল মঙ্গলবার দক্ষিণ-পূর্ব রেলের সদর দফতর গার্ডেরিচে অনুষ্ঠিত হয়। বৈঠকে সংসদের উভয় সভার সদস্যদের মধ্যে অর্জুন চরণ শেঠী, রাম তহল চৌধুরী, রবীন্দ্র কুমার পান্ডে, শিশির অধিকারী, দিব্যেন্দু অধিকারী, দেব ভার্মা (মুনমুন সেন), ডঃ মৃগাঙ্ক মাহাতো, সৌমিত্র খান ও সুনীল কুমার মণ্ডল উপস্থিত ছিলেন। দক্ষিণ-পূর্ব রেলের সামগ্রিক উন্নয়নে সংসদ সদস্যরা একাধিক মূল্যবান পরামর্শ দেন।

দক্ষিণ-পূর্ব রেলের জেনারেল ম্যানেজার এম এন আগরওয়াল সংসদ সদস্যদের বৈঠকে স্বাগত জানান। বৈঠকে খড়গপুর ও আদ্রায় ডিভিশনাল ম্যানেজাররা ছাড়াও দক্ষিণ-পূর্ব রেলের সমস্ত বিভাগের প্রধানরা উপস্থিত ছিলেন।

যাত্রী পরিষেবা ও স্বাচ্ছন্দ্য প্রদান ক্ষেত্রেও আরও উন্নতির জন্য দক্ষিণ-পূর্ব রেল যে সমস্ত পদক্ষেপ নিয়েছে, সমস্ত সাংসদ একবাক্যে তার প্রশংসা করেন। আগরওয়াল সংসদ সদস্যদের দক্ষিণ-পূর্ব রেলের বিভিন্ন উন্নয়নমূলক পদক্ষেপ সম্পর্কে অবহিত করেন। চালু রেল প্রকল্পগুলি সম্পর্কেও সংসদ সদস্যদের অবহিত করা হয়।

রেল কর্তৃপক্ষ ও সংসদ সদস্যদের মধ্যে সরাসরি এ ধরনের বৈঠক আয়োজনের উদ্দেশ্য হল, যাত্রী স্বাচ্ছন্দ্য, সুরক্ষা ও নিরাপত্তা ব্যবস্থা আরও উন্নত করতে তথ্য ও নতুন ধ্যান-ধারণা বিনিময় করা। বৈঠকে সংসদ সদস্যরা দক্ষিণ-পূর্ব রেলের চালু প্রকল্প, ট্রেনের স্টপেজ, পরিষেবা সম্প্রসারণ, যাত্রীদের স্বাস্থ্যকর পরিবেশ প্রদান, রেল স্টেশন চত্বর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার মতো বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন।

# ঋণ পরিশোধ ক্ষমতার আইনি সংশোধন করল কেন্দ্র

**নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর :** ২০১৩ সালের কোম্পানি আইনের সংশোধনের প্রস্তাব করে গত ১৬ মার্চ লোকসভায় কোম্পানি সংশোধন বিল-২০১৬ পেশ করা হয়েছে। এরপর বিলটি অর্থ সংক্রান্ত সংশোধীয় কমিটির কাছে পাঠানো হয়েছে। বিলটি খতিয়ে দেখে কমিটি তার রিপোর্ট সংসদের উভয় কক্ষে জমা দিয়েছে। আশা করা যায় বিলটিতে কিছু সংশোধন করে তা পাশ করা হবে। উল্লেখ্য, ২০১৬-র ১৫ ডিসেম্বর পর্যন্ত আইনের ৪৭০টি ধারার মধ্যে ৪২২টি ধারা সম্পর্কে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। গান্ধিনগরের গুজরাট ইন্টারন্যাশনাল ফিনান্স টেক সিটির অনুরোধে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক বা সেবি অথবা ভারতীয় বিমা নিয়ন্ত্রণ ও উন্নয়ন কর্তৃপক্ষ এর অনুমোদন প্রাপ্ত বিভিন্ন কোম্পানিকে তাদের কাজকর্ম পরিচালনা করার জন্য ২০১৩-র কোম্পানি আইনের বিভিন্ন ধারা মেনে চলা থেকে ছাড় দিতে এবারে অধিবেশনে একটি খসরা বিজ্ঞপ্তি পেশ করা হয়েছে। সদস্যদের অনুমতি পেলেই তা কার্যকর করা হবে।

# নগদ অর্থ থেকে ১০০ শতাংশ মুক্তির লক্ষ্যে প্রথম পদক্ষেপ বার্নপুর আইএসপি'র

**বার্নপুর, ৩১ ডিসেম্বর :** বছরের শেষে গোটা মাস জুড়ে নগদ অর্থ থেকে সম্পূর্ণ ১০০ শতাংশ মুক্তির লক্ষ্যমাত্রায় পৌঁছাতে তাদের সব অংশীদারদের জন্য আইআইএসসিও স্টিল প্ল্যান্ট বিভিন্ন প্রকারের 'ডিজিটাল পেমেন্ট মেড ইজি' প্রোগ্রাম শুরু করল। আধুনিক স্টিল প্ল্যান্ট 'সেইল'-এ তাদের কেন্দ্রীয় প্রতিনিধি, কর্মচারী, কন্ট্রাক্টর, ছাড়াও এলাকার গ্রামবাসী, টাউনশিপের দোকানি এবং সিআইএসএফের আধিকারিকদের জন্য একাধিক 'ইন্টারঅ্যাক্টিভ প্রোগ্রাম' সম্পাদন করা হয়। ডিজিটাল পেমেন্টের প্রয়োগ আরও বাড়িয়ে তুলতে বিভিন্ন জায়গায় পিওএস সোয়াইপ মেশিন বসানো হয়। এই সব সুসংবদ্ধ ব্যবস্থা গ্রহণের মধ্যে দিয়ে বছর শেষে ৩১ ডিসেম্বরের মধ্যেই সম্পূর্ণ ১০০ শতাংশ নগদ অর্থ থেকে মুক্তির প্রক্রিয়া বাস্তবায়ন করা সম্ভব হয়েছে।

**দরপত্র বিজ্ঞপ্তি**
**সংক্ষিপ্তসার এনআইটি নম্বর: ২১/ইই/এইচওডব্লু/এসএস/২০১৬-২০১৭ এবং এনআইটি নম্বর ২২/ইই/এইচওডব্লু/এসএস/২০১৬-১৭**

উদয়নারায়ণপুর স্টেট জেনারেল হাসপাতাল, দানেশ শেখ লেন, শ্রমিক কল্যাণ কেন্দ্র এবং উলুবেড়িয়া সাব-ডিভিশনাল হাসপাতাল, জেলা হাওড়া, ৪টি কাজের জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ০৯.০১.২০১৭ দুপুর ২টো পর্যন্ত যার এস্টিমেটিং সেকশনে নিম্ন স্বাক্ষরকারীর অফিস থেকে জানা যাবে।

**এক্সিকিউটিভ ইঞ্জিনিয়র,**
**হাওড়া ডিভিশন, সোশ্যাল সেক্টর,**
**পি.ডব্লু.ডিটিই.**

## দখল বিজ্ঞপ্তি

যেহেতু,
অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিঃ (অতঃপর 'আরসিল' হিসাবে বলা হবে) সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ (অতঃপর উক্ত অ্যাক্ট হিসাবে উল্লেখ করা হবে) এর ৩ ধারা মোতাবেক রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সমীপে রেজিস্টার্ড এবং কোম্পানিজ অ্যাক্ট ১৯৫৬ মোতাবেক সমিতিবদ্ধ একটি সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন কোম্পানি; যেহেতু নিম্নে বর্ণিত তালিকার কলম নং ৩-এ বর্ণিত দেনাদার/সহ দেনাদারগণ আইসিআইসিআই ব্যাঙ্ক লিঃ থেকে ঋণ সংগ্রহ করেছেন; এবং যেহেতু আরসিল নিম্নে ব্যাঙ্ক লিঃ থেকে ঋণ সংগ্রহ করেছেন এবং যেহেতু আরসিল নিম্নে বর্ণিত তালিকার কলাম নং ২-এ বর্ণিত ঋণ অ্যাকাউন্ট সম্পর্কিত আর্থিক সম্পত্তি সমূহ অর্জন করেছেন এবং যেহেতু উক্ত অ্যাক্ট মোতাবেক এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল-৩ এর সঙ্গে পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে ক্ষমতাবলে জামিনযুক্ত উক্তমর্থ হিসাবে আরসিলে দাবি বিজ্ঞপ্তি ইস্যু করা করেছিল যাতে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে বর্ণিত পরিমাণ অর্থাঙ্ক তৎসহ তার ওপর আরও সুদ আদায় দেওয়ার জন্য কলাম নং ৮-এ বর্ণিত এবং ২৮ ও ২৯ ডিসেম্বর, ২০১৬ তারিখে দেনাদারদের/সহদেনাদারদের আহ্বান জানানো হয়েছিল।

| ক্রম সংখ্যা | অ্যাকাউন্ট নাম্বার | দেনাদারের নাম | ১৩(২) ধারা অনুসারে বিজ্ঞপ্তির তারিখ | ১৩(২) ধারা অনুসারে বিজ্ঞপ্তির অর্থাঙ্ক (টাকা) | সম্পত্তির ঠিকানা | দখলের ধরণ | দখলের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০০৪০৮৮১০৫০৪ | সনাতন রুদ্র পাল | ৩১ জুলাই, ২০১৩ | ৪৯৭৫১৮.০৩ | লোকনাথ অ্যাপার্টম্যান্ট, ফ্ল্যাট নং ৩বি ও ৩সি, ৪র্থ তল, হোল্ডিং নং আরজিএম/৪/৩১৩ রাজারাট রোড, আজাদহিন্দ গড় কলোনি, থানা এয়ারপোর্ট, জেলা উত্তর ২৪ পরগনা, উত্তরে এলপি প্লট নং ৪৮, দক্ষিণে পিডব্লুডি রোড, পূর্বে খোলা জায়গা এবং পিডব্লুডি রোড, পশ্চিমে আজাদহিন্দ গড় রোড | প্রতীকী | ২৮.১২.২০১৬ |
| ২ | ০০৫৬৬২৯৮৯৩৩ | জয়ন্ত আঢ্য | ৩১ জুলাই, ২০১৩ | ১১১৮৮৮৩.২৩ | ৩য় তল, ফ্ল্যাট নং ৩, প্রেমিসেস নং ৩২৯এ, সোদপুর রোড, বেহালা, থানা ঠাকুরপুকুর, ওয়ার্ড নং ১২২, উত্তরে দলিল অনুসারে, দক্ষিণে দলিল অনুসারে, পূর্বে দলিল অনুসারে, পশ্চিমে দলিল অনুসারে, পশ্চিমবঙ্গ | প্রতীকী | ২৮.১২.২০১৬ |
| ৩ | ০০৫৬৬২৯১০৮ | অভিয়নন্দনতিতাস দাস | ৩১ জুলাই, ২০১৩ | ১৩৯৪৪০৫.৪২ | ফ্ল্যাট নং ৬, ৪র্থ তল, প্রেমিসেস নং ৩৯/১, বীরেণ রায় রোড (পশ্চিম), বেহালা, চৌরাস্তা, কলকাতা-৭০০০০৮, উত্তরে দলিল অনুসারে, দক্ষিণে দলিল অনুসারে, পূর্বে দলিল অনুসারে, পশ্চিমে দলিল অনুসারে | প্রতীকী | ২৮.১২.২০১৬ |
| ৪ | ৩০০২৭০৫০২৮৭ | ক্ষিতীশ মণ্ডল | ১৮ মার্চ, ২০১৬ | ১৩০৫২৮৮.৬৬ | হোল্ডিং নং ৬৩৮, সুকান্ত বসু সরণী, দক্ষিণ দমদম পুরসভার অন্তর্গত, ওয়ার্ড নং ১৭, জেলা দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা ৭০০০২৮, উত্তরে দলিল অনুসারে, দক্ষিণে দলিল অনুসারে, পূর্বে দলিল অনুসারে, পশ্চিমে দলিল অনুসারে | প্রতীকী | ২৮.১২.২০১৬ |
| ৫ | ৩০০০৬১৭৭৩৬৬ | উমা ব্যানার্জি | ১৭ ফেব্রু, ২০১৬ | ৮৮৬০৮৩.৭৩ | ২য় তল, ফ্ল্যাট নং ১, প্রেমিসেস নং ৫৪, কলকাতা ৭০০০৪০, ওয়ার্ড নং ৯৫, থানা যাদবপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা, দক্ষিণে ১/৩৫এ, অশোকনগর, পূর্বে সিএমসি'র রাস্তা, পশ্চিমে ধীরেণ দের বাড়ি, পশ্চিমবঙ্গ | প্রতীকী | ২৯.১২.২০১৬ |
| ৬ | ১১২০১৭৪২৭১৬ | দেবাশিস দাস | ১৭ ফেব্রু, ২০১৬ | ৫০০৬৪৫.১০ | তৌজি নং ১৪, আরইএসএ নং ২৪৭, জেএল নং ৬২, রাজপুর-সোনাপুর পুরসভার অন্তর্গত, খতিয়ান নং ৬০, দাগ নং ৮৫৯, হাল এলআর নং ৬৭২, উত্তরে দাগ নং ৮৬০, দক্ষিণে জমির দাগ নং ৮৫৯, পূর্বে ৮ ফুট কমন রাস্তা এবং দাগ নং ৮৯৯, পশ্চিমে ৮ ফুট কমন রাস্তা, পশ্চিমবঙ্গ | প্রতীকী | ২৯.১২.২০১৬ |
| ৭ | ৩০৬৪৬৩০২৫১৭ | জয়কিশোর মাহাতো | ৩ জানু, ২০১৬ | ২২৮২৯১৭.৭৫ | ফ্ল্যাট নং জি১, ১ম তল, প্রেমিসেস নং ৯/১০, মানিক বন্দ্যোপাধ্যায় সরণি, রিজেন্ট পার্ক, কলকাতা ৭০০০৪০, ওয়ার্ড নং ৯৭, জেলা দক্ষিণ ২৪ পরগনা, উত্তরে কলকাতা পুরসভার রাস্তা, দক্ষিণে কলকাতা পুরসভার রাস্তা, পূর্বে বাড়ি, পশ্চিমে দীপক রাজন চৌধুরীর জমি ও বাড়ি, পঃ বঃ | প্রতীকী | ২৯.১২.২০১৬ |
| ৮ | ৩০১৩২২৪২৮২৩ | প্রেমলতা ধাওলা | ২৩ মে, ২০১৬ | ২৪২৭৭৮.০৮ | প্রেমিসেস নং ৯৫/১, কয়ড়া রোড, কলকাতা ৭০০০১৯, জেলা দক্ষিণ ২৪ পরগনা, উত্তরে প্রেমিসেস নং ৯৫/২, দক্ষিণে প্রেমিসেস নং ৯৫, কয়ড়া রোড এবং প্রেমিসেস নং ২৭/১, পূর্বে কয়ড়া রোড, পশ্চিমে প্রেমিসেস নং ২৭, পশ্চিমবঙ্গ | প্রতীকী | ২৯.১২.২০১৬ |
| ৯ | এলবিসিএএল০০০০০৫৪৩৫৪৯ | রামকৃষ্ণ মালাকার | ১০ সেপ্টে, ২০১২ | ৯৪১১১৪.৯৩ | ফ্ল্যাট নং ২জি, প্রথম তল, পশ্চিম দিক, প্রেমিসেস নং ৮৭৩বি, পশুপতি ভট্টাচার্য রোড, থানা বেহালা কলকাতা ৭০০০৩৪, উত্তরে দলিল অনুসারে, দক্ষিণে দলিল অনুসারে, পশ্চিমে দলিল অনুসারে, পূর্বে দলিল অনুসারে, পশ্চিমবঙ্গ | প্রতীকী | ২৯.১২.২০১৬ |
| ১০ | এলবিসিএএল০০০০০৩৬৪৮৫৫ | অসিত বরণ কর্মকার | ৭ সেপ্টে, ২০১২ | ১৮৩১৬১৬.৭০ | সর্বোচ্চ তল, উত্তর দিক, প্রেমিসেস নং ৪৯৯, পর্ণশ্রীপল্লি, থানা বেহালা, উত্তরে বিবেকানন্দ ক্লাব, কলকাতা ৭০০০৬০, উত্তরে দলিল অনুসারে, দক্ষিণে দলিল অনুসারে, পশ্চিমে দলিল অনুসারে, পূর্বে দলিল অনুসারে, পশ্চিমবঙ্গ | প্রতীকী | ২৯.১২.২০১৬ |

জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে ঋণকারির বিবরণী অনুসারে যেন উক্ত সম্পত্তি লেনদেন থেকে বিরত থাকেন এবং যদি কেউ উক্ত সম্পত্তি ব্যবহার করেন তবে অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) উক্ত অর্থ ও ভবিষ্যতের সুদ সহ প্রদান করতে বাধ্য থাকবেন।

**অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড**
রেজিঃ অফিস : দি রুবি, ১১তম তল, ২৯ সেনাপতি বাপত মার্গ, দাদর, (পশ্চিম) মুম্বাই- ৪০০২৮ (ইন্ডিয়া)
যোগাযোগের ঠিকানা : রুম নং এ-১১, নবম তল, চ্যাটার্জি ইন্টারন্যাশনল সেন্টার, ৩৩এ, জওহরলাল নেহরু রোড, কলকাতা-৭০০০৭১, পশ্চিমবঙ্গ, ০৩৩ ২২৮৮০২২৪
ওয়েবসাইট: www.arms.net.in, www.arcl.co.in
CIN:U65999MH2002PLC134884

তারিখ : ০১.০১.২০১৭
স্থান : কলকাতা

স্বাঃ
অনুমোদিত অফিসার
অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিঃ

## রূপা অ্যান্ড কোম্পানি লিঃ
CIN No:L17299WB1985PLC038517
রেজিঃ অফিস: ১, হো চি মিন সরণী, মেট্রো টাওয়ার, ৯ম তল, কলকাতা-৭০০০৭১
ফোন-০৩৩ ৩০৫৭ ৩১০০, ফ্যাক্স:০৩৩ ২২৮৮ ১৩৬২,
ইমেল-cs@rupa.co.in, ওয়েবসাইট-www.rupa.co.in

**পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি**

২০১৩ সালের কোম্পানি আইনের ১১০ ধারা অনুসারে এর সঙ্গে পঠনীয় রুলস্ ২২ অফ কোম্পানিজ (পরিচালন এবং প্রশাসন) রুলস্ ২০১৪ এবং অন্যান্য কার্যকরী আইন, কোম্পানির সদস্যদের অনুমোদনের জন্য পোস্টাল ব্যালটের মাধ্যমে মতামত জানতে চাওয়া হয়েছে:

১. মেসার্স সিংহি অ্যান্ড কোম্পানি (ফার্ম রেজিস্টার নং ৩০২০৪৯ই)-কে চার্টার্ড অ্যাকাউনটেন্টস্‌কে বিধিবদ্ধ নিরীক্ষক হিসাবে অনুমোদনের বিষয়ে

এফসিএস এএচএম চোরারিয়া, প্রোপাইটর মেসার্স চোরারিয়া অ্যান্ড কোম্পানি (মেম্বাশিপ নম্বর এফসিএস ২৩৯৮, সিপি নম্বর ১৪৯৯)-কে স্ক্রুটিনাইজার হিসাবে নিয়োগ করা হয়েছে পোস্টাল ব্যালট প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করার জন্য। উক্ত পোস্টাল ভোটগ্রহণ করা হবে ২৯/১২/২০১৬ তারিখ বিকাল ৫টা পর্যন্ত এবং এই রিপোর্ট কোম্পানির চেয়ারম্যানের নিকট জমা পড়ে ৩১/১২/২০১৬ তারিখে।

স্ক্রুটিনাইজারের রিপোর্ট ৩১/১২/২০১৬ তারিখের ভিত্তিতে সাধারণ প্রস্তাবের উপরে পোস্টাল ব্যালট বিজ্ঞপ্তি ১২/১১/২০১৬ তারিখে কোম্পানির সংখ্যাধিখ্য সদস্যের অনুমতিতে গৃহীত হয়েছে।

স্ক্রুটিনাইজারের রিপোর্ট পাওয়া যাবে কোম্পানির বিনিয়োগ ক্ষেত্রের ওয়েবসাইট www.rupa.co.in এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট https://nseindia.com এবং বিএসই http://bseindia.com এবং ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটারি লিমিটেড https://nsdl.co.in।

বোর্ডের আদেশানুসারে
**রূপা অ্যান্ড কোম্পানি লিঃ-এর পক্ষে**
স্বাঃ/-
**কুন্দন কুমার ঝা**
**কোম্পানি সেক্রেটারি**
ACS 17612

স্থান: কলকাতা
তারিখ: ৩১-১২-২০১৬